নুপতি বিজয় সেন পুত্রবধূ পেয়ে। নানাদান মহোৎসব কৈল স্থাী হয়ে॥ <mark>জয়সেনে রাজ্য সমর্পিলা নৃপযুনি।</mark> পাটেশ্বরী জয়ন্তী হইলা মহারাণী॥ বীরবাহু কুমার স্থবাহু স্থন্দরের। × × × বহু সমাদুরে॥ বীরবাহু পত্নীসহ আনন্দিত হইলা। <mark>কালপূর্ণ রাজারাণী শরীর ত্যজিলা।।</mark> জয়সেন পুত্র হইল নাম শূরসেন। ভূপতি বিজয়সেন প্রাণ ত্যাগিলেন॥ শ্রাদ্ধতাদি জনকের কৈল জয়সেন। কথদিনে নিজপুত্ৰ বিবাহ দিলেন ॥ একদিন গেলা তবে মৃগয়া করিতে। <mark>হরিহর অন্তগ্রহ করিল বনেতে।।</mark> গাবি আর বাঘরূপে উপদেশ দিলা। আপনি চলিএ ঘরে ভার্য্যাকে কহিলা॥ ত্বইজনে আপনার পূর্বব্যনে জানি। <mark>শিক্ষা দিয়া পুত্রেরে সমর্পিয়া রাজধানী।।</mark> <mark>বনে গিয়া যোগ সাধি শ</mark>রীর ত্যাজিলা। <mark>হরিহর কৃপাতে কুবেরপুরে গেলা।।</mark> পূৰ্ব্বনাম পূৰ্ব্বধাম পূৰ্ব্ব সৰ্ব্বমতে। স্থথে দোঁহে বৈসে হরিহর ভাবে চিতে॥ বিক্রমকেশরী রূপ শুনি সমাচার। স্থী হ'য়ে ভট্টাচার্য্যে কৈলা পুরস্কার॥ <mark>সভাসহ নৃপতি পর্ম প্রীত পাইলা।</mark> নানাজনে নানামতে সন্তোষ হইলা॥ এইসব প্রকারে সঙ্গীতমুখ বন্ধ। নানা রাগরাগিণীতে শ্রবণ আনন্দ।।

আজ্ঞাদিল রাজা বর্দ্ধমান অধিকারী।
রাণী যার রাজলক্ষ্মী কমলকুমারী॥
কমলাপ্রসাদে জিঁহরূপে রূপবতী।
গুণে বুঝা যায় কুপা কৈল সরস্বতী॥
দরিদ্র তুর্ববলজনে জননী সমান।
পতিব্রতা মধ্যে যার প্রথমে ব্যাখ্যান॥

× × × × ×

হেন মহারাণী রাজলক্ষ্মী রাজপ্রিয়ে। কত যশ কব তার প্রত্যেকে গণিয়ে॥ সংক্ষেপে রচিত্র কিছু আপনা সুধীতে। মমকুল উজ্জ্বল যাহার উদয়েতে। ইতোব শ্রীহরিহর মঙ্গল সঙ্গীত। আরম্ভ সমাপ্তিকাল তা কহি কিঞ্চিৎ॥ প্রক্ষবাহু গুণপাখা কর অবলম্ব। এইসনে প্রথম বৈশাথে গ্রন্থারম্ভ॥ বেদগুরু চন্দ্রবাণ পণ 🕂 🕂 ছয়। কর কড়া ভুজক্রান্তি পাতন নিশ্চয়॥ বামভাগে পূরিলে যতেক অঙ্ক হয়। এই সনে মাঘে গ্রন্থ সাঙ্গ সমুচ্চয়॥ মন্বন্তর দিবাতিথি সিতদশমীতে। সুয্যস্থত বারে নিশি প্রহর একেতে। হরিহর মঙ্গল প্রম গীত বন্দ। ভাষাছন্দে আনন্দে কহেন প্ৰাণচন্দ্ৰ॥

278 A. রাজা বলে জ্ঞানভক্তি হরির ভজন। সব গেহে ভাবি এক কন্সার ব্যতিক্রম। এইরপ কথায় ২ রাত্রি হৈল।
অন্তঃপুরে রাজারানি ছজনে রহিল।
স্থন সভে হরিহর মঙ্গল কৌতুক।
অন্তে মোক্ষধাম পাবে ইহলোকে স্থুখ।
শ্রীল তেজশ্চন্দ্র মহারাজার আজ্ঞায়।
প্রার প্রবন্ধে প্রাণচন্দ্র রস গায়।

Colophon:—
ইতি শ্রীহরিহর মঙ্গল সমাপ্ত।

Post colophon statement :-

ইতি সন ১২৩৭ সাল তারিখ ২৪ ফাল্গুন রবিবার বেলা দশদণ্ড সময় পুস্তক লেখা তয়ারী হইল। লিখিত শ্রীখণ্ড ঘোষ পরগণার ষাকারি সাকিমের শ্রী কালীপ্রসাদ মজুমদার॥

> 260 Vyāsa

4862. অজুনসংবাদ। Arjjunasamvāda-

Substance, country-made paper, $11 \times 4\frac{1}{2}$ inches. Folia, 9 of which the 3rd is missing. Lines, 9 on a page. Extent in ślokas, 250. Character, Bengali. Date, B. S. 1237 (c. 1830 A.D.). Appearance, discoloured. Complete.

Beginning:

নারায়ণং নমস্কীর্ত্তমিত্যাদি॥
একচিত্র হয়্যা নর যুন সাবধানেঃ।
শ্রীকৃষ্ণ অর্জুনের কথা হইল জেমনে॥
বৈষ্ণব মহর্ত্ত কিছু কহেন নারায়ণে।
শুনিলে যতেক পাপ খণ্ডে ততক্ষণে॥
অর্জুন পুজেন কথা হয়্যা সবিনয়।
শুনিবারে প্রভু মোর হয়্যাছে আশয়॥
কোন গতি কেবা পায় তব ভক্তজন।
কহিবে সকল কথা শ্রীমধুসুদন॥

কোন লোকে যায় সেই কোন কর্ম করে। নিরবধি ব্যাস প্রণাম যে আচরে॥

Colophon:—

এইকথা যেকজন ষুনে একমনে। অন্তকালে কৃষ্ণপ্রাপ্তি ব্যাসদাষ ভণেঃ॥ ইতি অৰ্জুনসম্বাদ সমাপ্তঃ।

Post colophon statement:—

. লিখিতং শ্রী সরুপচন্দ্র মিত্রয় মোকাম হাতরাবাজু পাঠক শ্রী মধু-স্থান ইতি শাঃ বাড়ায় মহেশ নন্দী সন ১২৩৭ সাল (c. 1830 A.D.) তারিখ ৩রা মাঘ রোজ শনিবার॥

261 Unknown

4910. অৰ্জুনসম্বাদ। Arjjunasaṃvāda.

Substance, foolscap paper, 12×5 inches. Folia, 2 to 11. Lines, 13 on a page. Extent in ślokas, 300. Character, Bengali of the 19th century. Appearance, old and mouse-eaten. Date, B. S. 1236 (c. 1830 or 1889 A.D.). Incomplete.

An interlocution between Kṛṣṇa and Arjjuna on Vaiṣṇavism.

End:

কোটি জন্মে হরির চরণে রাখে ভক্তি। শ্রীকৃষ্ণ চরণে তার হয়ত উন্নতি।

Colophon :— ইতি অৰ্জুনসম্বাদ সমাপ্ত।

Post colophon statement :—

পাঠকতা স্বরূপলাল দাস সাকিম সিহড় প্রগণে খটঙ্গী মতালকে জেলা বিরভাম (বীরভূম) সন ১৮৩০ [?] সাল তারিখ ১৪ই মারচ মঃ সন ১২৩৬ সাল তারিখ ২রা চৈত্র রোজ রবিবার।

262

Unknown

4874. অৰ্জুনসম্বাদ। Arjjunasamvāda.

Substance, country-made paper, $13\frac{1}{2} \times 4\frac{1}{2}$ inches. Folia, 9. Lines, 12 on a page. Extent in ślokas, 300. Character, Bengali. Date, B. S. 1208 (c. 1801 A.D.). Appearance, old and discoloured. Complete.

See our No. 4862 with which it differs here and there, but the subject matter is the same. The present MS. does not give the author's name at the end.

Beginning:

শ্রীশ্রীহরি শ্রীরাধাকৃফজী॥

× × ×

শ্রীঅর্জুনের কথা হইল জেইমতে।
জিবের নিস্তার হেতু প্রকাস প্রিথিবিতে।
শুনিতে তরিতে পাপথণ্ডে ততখন।
অর্জুন কহেন কৃষ্ণ কেহ এত সাবধান।
বৈষ্ণব কথা স্থানিতে গোসাঞ্জি আছে মোর মন।
কোনমতে জানিব বৈষ্ণব তোমার ভক্তজন।
কহত সকল কথা প্রভু নারায়ণ।
সেকথা স্থানিব গোসাঞি বৈষ্ণব কারণ। ইত্যাদি।

Colophon :-

ইতি বৈষ্ণবামত ভাগবত অৰ্জ্জ্নসম্বাদ পুস্তক সমাপ্ত।

Post colophon statement :-

জ্ঞাদৃষ্টমিত্যাদি—পাঠকতা কালিচরণ দত্ত সাঃ চুডণ্ড লিখিতং শ্রী গুরুচরণ দাস সাং খাএরপাড়া ইতি সন ১২০৮ সাল সোমবার বেলা ১ প্রহর গত মোকাম মালফাটক।

263

Unknown

5440. শ্রীকৃষ্ণ জ্বিস্থাদ। Śrikṛṣṇārjjunasaṃvāda.

Substance, country-made paper, $13\frac{1}{2} \times 4\frac{1}{2}$ inches. Folia, 16. Lines, 8 on a page. Extent in ślokas, 325. Character, Bengali. Date, B. S. 1240 (c. 1833 A.D.). Appearance, discoloured. Complete.

Beginning :-

অর্জুনসম্বাদ লিখ্যতে।
শ্রীকৃষ্ণ অর্জুন দোহে অভেদ শরীর।
একুই স্বরূপ দোহে শঙ্ম আর নির॥
শ্রীকৃষ্ণ অর্জুন দোহে ছিলা একাসনে।
ধর্ম্মকথা উপাখ্যান কহে নারায়ণে॥

 \times \times \times \times

পুনঃ পুনঃ কৃষ্ণকে জিজ্ঞাসে অৰ্জুন। কেমনেতে গতি পায় তোমা ভক্তগণ।

Colophon :--

ইতি শ্রীকৃষ্ণার্জ্জনসম্বাদে গ্রন্থ সমাপ্ত।

Post colophon statement:—

সন ১২৪৭ সাল তারিখ ২৭ বৈশাখ। পঠনার্থে শ্রী গদাধর বাডুই সাং ময়নাপুর।

264

Unknown

3630. রাধাকৃষ্ণলীলারসকদম।

$Rar{a}dhar{a}kr$ ṣṇal $ar{\imath}lar{a}rasakadamva$.

Substance, country-made paper, 11×5 inches. Folia, 134. Lines, 12 on a page. Character, Bengali of the 18th century. Appearance, discoloured. Incomplete.

Colophon:—

18 A, ইতি শ্রীরাধাকৃঞ্লীলারসকদম্বে প্রথমারস্তে সূত্রাদি বেণু-বিলাস কথন্ নাম প্রথমোহঙ্কঃ;

38 B, O অনঙ্গলেখন নাম দ্বিতীয়োহন্তঃ;

57 A, শ্রীরাধাকৃঞ্বিলাসরসকদম্বে প্রথম সঙ্গুমো নাম তৃতীয়োহন্তঃ;

75 A, ইতি শ্রীরাধাকৃঞ্লীলারসকদম্বে খণ্ডিতামানাদিবর্ণনে বেণুহরণ নাম চতুর্থো২ঙ্কঃ;

95 B, কলহান্তরিতা বর্ণনং শ্রীরাধা প্রসাদনং নাম পঞ্চমোহঙ্কঃ;
The sixth is incomplete. The MSS. is often printed.

265 Unknown

4959. স্থাবেশচন্দ্রিক। Swapnāveśacandrikā.

Substance, country-made paper, 11½×5 inches. Folia, 7 to 23 of which again the 20th and the 21st leaves are missing. Lines, 8 on a page. Character, Bengali of the 19th century. Appearance, discoloured. Incomplete.

Colophon :-

8 A, ইতি স্বপ্নাবেশচন্দ্রিকা দ্বিতীয় অস্ক সমাপ্তঃ;

10 A, O তৃতীয়োহঙ্কঃ ; 10 B, চতুর্থোহঙ্কঃ ;

12 A, পঞ্মোহঙ্কঃ সমাপ্তঃ etc., etc.

12 B, আর একদিনে স্বপনের কথা শুন গো মরম স্থী। গৃহ কারাগারে সদাই থাকিএ যেন পীঞ্জরার পাখী॥

নিদ্দের আলসে শয়নেতে আছি তাতে সপ্নাবেশ মোর॥ মনের আনন্দে বসিয়াছি গৃহে কোকিল কুহরে ঘেরে॥

যেন প্রাতঃকলে বৃন্দার প্রেরিত बीमधूमङ्गल आहेला। হাসিয়া হাসিয়া মোর আগে দাঁড়াইলা॥ এছন সময়ে কুন্দলতাদেবী মোর কাছে বসিয়াছে। শ্রীমধু হাসিয়া কহ যে ভাউঝি শ্যাম দাডাইয়াছে নাছে। এ বল শুনিয়া কুন্দলতা গেলা মধুমঙ্গলের সাথে। আমিহ ধীরি ধীরি বসন সম্বরি আসি দাঁড়াইর পথে। পথে দাঁডাইয়া চাহি চারিদিকে দেখা নাহি কারু সনে। এ তুই আসিয়া গেল কোনদিকে এই ভাবি মনে মনে॥ শ্রামনাম কাণে শুনির এক্ষণে বুঝি গেলা তার সনে। এতেক ভাবিয়া গোপীনাথ প্রতি Mainte Cum চলিন্থ আপন মনে॥ পথেতে যাইতে ভাবি হৃদি মাঝে গোপীনাথ মুখখানি। এই গোপীনাথ মুখচন্দ্র স্থধা পান করে বিনোদিনী॥ সেই পথমাঝে কতেক ভাবিতে তথি এক ব্ৰজনারী। হাসির রাশি যেন চন্দ্রহার হাসে মোর করে ধরি॥

হাসিয়া হাসিয়া মোর মুখ চাঞা কহএ মধুর কথা। শুন আলো বেনি দেখিএ এখনি চলিয়াছ তুমি কোথা। চল মোর সাথে যাই গোপীনাথে পূরিবে মনের সাধা॥ কুঞ্জ ভুবনে গোপীগণ সনে গোপীনাথ পাশে রাধা॥ শুন শুন সই মোর মনে অই ভালই কহিলে বটে। চল কুঞ্জপথে যাই তুয়া সাথে দেখিতে ভাব সেই নাট॥ এ বোল বলিয়া যাই কুঞ্জপথে কুঞ্জমাঝে উপনীত। অমর ঝঙ্কারে কোকিল কুহরে আনন্দে আলাইলা চিত॥

Colophon :-

ইতি শ্রীস্বপাবেশচন্দ্রিকা সপ্তমোহঙ্কঃ।

The last colophon in the defective manuscript is in 23 B.

ইতি শ্রীস্বগাবেশচন্দ্রিকায়াং চতুর্দ্দশোহঙ্কঃ।
It is not stated that the work ends here.

266

Unknown

4865. ব্রজপুরকারিকা। Vrajapurakārikā.

Substance, country-made paper, 14×5 inches. Folia, 8. Lines, 9 on a page. Extent in ślokas, 180. Character, Bengali. Date, B. S. 1183 (c. 1776 A. D.). Appearance, old and discoloured. Complete.

A Bengali Vaisnava work.

Beginning :-

প্রীপ্রীকৃষ্ণ চৈতন্মচন্দ্রায় নমঃ।— প্রীপ্রীগন্ধর্কা গিরিধরাভ্যাং নমঃ।

বন্দেহং শ্রীগুরু প্রীযুত পদকমলং শ্রীগুরুন্ বৈষ্ণবাশ্চ। শ্রীমদ্রেপং সাগ্রজাতং সহগণরঘুনাথা বন্দিতং তং সঞ্জীবম্॥ etc.

 \times \times \times

অথ বস্তু নির্ণয়। শ্রীকৃষ্ণের পঞ্চণ। শব্দগুণ গদ্ধগুণ ২ ব্লপগুণ ৩ বসগুণ ৪ স্পর্শগুণ ৫। এই পঞ্চণ শ্রীমতী রাধিকা-জীউতে বৈশে কোথা কোথা শব্দগুণ কর্ণেতে ১। etc., etc.

Colophon:—

বৈশাখ জৈষ্ঠ আসাড়ের সাতাইয় দিন পর্য্যন্ত থাকেন। রাধার বাপের ঘরকে আইসেন। আসাড়ের তিন দিন থাকিতে শ্রাবণ ভাজ আশ্বিনের ছাব্বিশ দিন পর্য্যন্ত থাকেন। বাপের ঘরে থাকিঞা হিন্দোলা ঝুলন লিলা করেন। পুন আস্মিনের পাঁচ দিন থাকিতে, জাবটকে আইসেন। কার্ত্তিক অন্ত্রাণ পোষ মাসের পঞ্চমি পর্য্যন্ত থাকেন। ইতি ব্রজপুরকারিকা গ্রন্থ সম্পূর্ণমন্ত্র। সন ১১৮৩ সাল। তাং ১০ই কার্ত্তিক। (c. 1776 A.D.)

267

Unknown

4064. জ্গান্থ্যস্প | Jagannāthamangala.

Substance, country-made paper, $12\frac{1}{4} \times 5$ inches. Folia, 44. Lines, 8 on a page. Extent in ślokas, 1000. Character, Bengali. Date, B. S. 1234 (c. 1827 A.D.). Appearance, old and discoloured. Complete.

It relates to the legends of Jagannātha at Puri.

Beginning :-

নমো গণেসায়। অথ জগন্থি মাহাত্ম॥

নারায়ণায় নমস্কৃতং নরঞ্চৈ নরত্তম। <mark>দেবী সরেরস্বতীং ব্যাসঃ তত জয় মূদীরয়েং।।</mark> জগনাথো দেবের বন্দিয়া চরণ। পিত্রি মাত্রি বন্ধু যার ব্যাস তপধন॥ <mark>পরাপর যত গুরু আছএ আমার।</mark> প্রণাম করিয়া তুই চরণে সভার॥ <mark>দেবতা কহি সেবে যাহার মহিমা।</mark> স্তুতি করি ব্রহ্মা এলা পাত্র যার সীমা॥ তাহার যে সন্তান নাই তেকরি অভিলায। সেবক বংসল প্রভু যদি পূরে আস। কহিলগে সার এই প্রভু নিরঞ্জন। শুন শুন সব লোক হইয়া একমন॥ পহছিমদিগেত আছে অবন্তিনগরী। তাতেই প্রদিম রাজা আছে অধিকারী॥ রাজচক্রবর্তী হয় সেই মহামতি। কুষ্ণবন্দি ভক্তিভাবে ঘোষে দিবারাতি॥ তা'র যশ গুণ যত না জায় কহন। <mark>সাক্ষাতে প্রভুর সবে যাবং বসন॥</mark> ইন্দ্রত্যন্ন রাজা সেই যেন রাজা শশী। সতথৰ্স মেদ রাজা কৈল হও নিশি॥

End :-

ভবের বন্দনে ছক্ষ দিলা নারায়ণে।
মুক্তিপদ পাইল রাজা প্রভুর সেবনে॥
এমত তপস্বী রাজা না হৈইব আর।
ত্রিভুবনে যুগকীর্ত্তি রহিল তাহার॥
তাহার গুণের ফলে ত্রিভুবন তরি।
জাতে প্রভু নারায়ণ দারাব্রহ্মধারি॥

কহে কবি কুমদে প্রভুর চরণথ।
কলিযুগে নারায়ণ দারুব্রহ্মময়॥
যে জনে ইহাতে নিন্দা করিব প্রচুর।
কৃষণভক্তি ছাড়ি সেই যাইব যমপুর॥
জগন্নাথ মাহিত্য কথা না জায় কহন।
সমাপুর্র হেইল তবে প্রভুর কথন॥
ইতি শ্রী জগর্রাথ পুর্র জসমুরারে।
ভবাম্বুবির বডই পদং পরং পদং
পদং পদং জদবিপদং নতেষাম—

× × ×

 \times \times \times

মুক্তিপদ পাইল রাজা প্রভুর সেবনে।
এমত তপস্থি রাজা না হৈব আর।
ত্রিভুবনে যুগ কৃত্তি রহিল রাজার॥
তাহার গুণের ফলে ত্রিভুবন তরি।
জাতে প্রভু নারায়ণ দারাব্রহ্মধারি।

Post colophon statement :-

ইতি শ্রী জগন্নাথ পুর্ন জসমুবারেঃ ও বাস্বুধির রতই পদপরং পদ পদ পদং জদবিপদনতেসাং।

সন ১২৩২ সাল (c. 1825 A.D.) বাং আমলে শ্রীযুত টগর সাহেব হাল আবাদি ও একটিন জোজ্জু ও কালেট্ররি ও রিজষ্টরি একসাহেব মজকুর চাইর কাম বতারিক রোজ সমবার বেলা দেড় প্রহর থাকিতে পুস্তক সাঙ্গ। মাহে ২৯ ভাজ সক্ষর শ্রী ছগণকৃষ্ণ পাল ওলদে প্রী রামশরণ পাল ঐ পত্র অজ কবিনাম সন ১২৩৪ বাঙ্গালার ১২ ভাজ ঐ বেঙ্গা জরিপ ছিলাম।।

268

Unknown

^{3964.} কৃষ্ণকেলিচরিতামূত। Kṛṣṇakelicaritāmṛta.

Substance, country-made paper, $12\frac{1}{2}\times5$ inches. Folia, 8. Lines, 11 on a page. Extent in ślokas, 250. Character, Bengali. Date, 1255 (c. 1848 A. D.). Appearance, discoloured. Complete.

Beginning :-

শ্রীশ্রীরাধাকুষ্ণ।

করজোড়ে বন্দ আগে বৈঞ্চব চরণ।

শ্রীগুরু চরণ বন্দো দিড় করি মন।

শ্রীচৈতন্ম গোসাঞী বন্দ আনন্দিত মনে।
জাহার কুপাতে সভে পাইল চেতনে॥
গোপ গোপি সহিত বন্দিব বুন্দাবন।
বন্দনা করিব রাধাকুফের চরণ॥
স্থন ২ সর্ব্ব জিব করি নিবেদন।
আনন্দে ভজহ সভে শ্রীকৃষ্ণ চরণ।

××× শ্রী ভাগবতে স্থন সভে ইহার বিচার। ৩ থাহি। ইত্যাদি॥

Colophon:—

ইতি শ্রীকৃষ্ণকেলিচরিতামৃতং সমাপ্ত।

Post colophon statement:—

ভীমস্তাপি etc. লিখিতং শ্রী সাধুচরণ দাস সাকিম পুরুলিয়া সুন ১২৫৫ সাল তারিখ ১৩ই মাঘ।

269

Unknown

4915. উপাস্নাবস্তু বা স্মর্ণটীকা

Upāsanābastu or Smaraņatīkā.

Substance, country-made paper, 14×5 inches. Folia, 9. Lines, 13 on a page. Extent in ślokas, 400. Character, Bengali. Date, B. S. 1242 (c. 1835 A.D.). Appearance, fresh. Complete.

Beginning :-

শ্রীরাধাকৃষ্ণ শ্রীচৈতগুচন্দ্রায় নমঃ॥
তথ শ্রীজীবগোস্বামীনি টীকান্সসারেণ
পদবাৎসল্য স্মরণীয়ং ক্রিয়াৎ॥
তথাহি।
বন্দেহং শ্রীগুরোঃ শ্রীযুতপদকমলম

শ্রীগুরান্ বৈষ্ণবাংশ্চ

আরূপং সাঙ্গজাতং সহগণ রঘুনাথান্বিতং সজীবং। সাদ্বৈতং সাবধৃতং পরিজন সহিতং শ্রীকৃষ্ণচৈতক্তচন্দ্রম্ শ্রীরাধাকৃষ্ণ পাদান সহগণ ললিতা শ্রী বিশাখান্বিতাং*চ॥ ইতি।

শ্রীরূপসনাতনোবাচ।
অন্তবংসর আগে রূপ গেলা বৃন্দাবনে।
সনাতন থুয়া এথা স্থুখ নাহি মনে॥
রাত্রিদিন চিন্তে রূপ গোরাঙ্গ চরণে।
সনাতন সঙ্গে পুনঃ করাও মিলন॥
এই বাঞ্জা করি মনে ফিরে বৃন্দাবনে।
যুগলকিশোর পদ করি আরাধনে॥
তথাহি।
মোর কর্ম্ম ত্তাপ্যেন প্রভুরহং ত্রান্তরম্।
তেনাহং মম প্রস্থাদেন সনাতন ন দৃশ্যতে॥

<mark>পাতসার উজীর হঞা ছিলা সনাতন।</mark> <mark>রূপের লাগিয়া সদা স্থির নহে মন।।</mark> গৌরাঙ্গ পদারবিন্দ করি আরাধন। বিষয়বন্ধন মোর করহ মোচন॥ বিষয়বিষের জ্বালা সহনে না যায়। <mark>হ্বদয়ে পুড়িয়া মরি কি হ'বে উপায়॥</mark> <mark>এইভাবে রাত্রিদিন কান্দে সনাতন।</mark> <mark>না রহে নয়নে জল বহে নিরন্তর ॥</mark> <mark>দেখিয়া সঙ্গের জতে খেজমতগার।</mark> <mark>মনে মনে ভাবি সবে হৈল চমৎকার।।</mark> <mark>যুক্তিপরামর্শ করে যায় অন্যস্থানে।</mark> <mark>সত্তর জানাল গিয়া পাতসাহার</mark> কাণে॥ সাহেব সেলাম আরজ মোর এক। <mark>উজীর ঠাকুর কান্দে নাহি জানে ভেদ।।</mark> গুনিয়া উজীর মুখে হইল বিশ্বত। <mark>আন দেখি সনাতন আছে কৈছে</mark> রিত॥ হুকুম হৈল সনাতন আনিবারে। ধাইগাঁ যাই বলে সনাতনের গোচরে॥ <mark>আবেশ হইয়া আছেন শয়ন করিয়া।</mark> <mark>হেনকালে উকীল সব উত্তরিল গিয়া।।</mark> <mark>উজীর উজীর বলে ডাকে ঘনে ঘন।</mark> নিদ্রা হৈতে চমকে উঠে সনাতন॥ সকল উকিল তবে করিল প্রণাম। পাতসার হুজুর তুমি করহ পয়াণ॥ ত্বুম মানিয়া ত্জুর চলিলা সনাতন। <mark>পাতসাহার হুজুর গিয়া দিলা দরশন ॥</mark> <mark>মজুরা করিয়া দাগুাইলা সনাতন।</mark> <mark>পাতসা পুছেন ভাই রোও কি কারণ।।</mark>

একথা শুনিয়া তবে সনাতন হাসে। বুট্মুট্ এমন <mark>কথা কহে তোমার পাশে।।</mark> যেজন আমার বৈরী মিথ্যাকথা কহে। মোকাবিলা হৈলে জানি কেমন মহাসয়ে॥ ঈষৎ হাসিয়া পাতসা বলেন বচন। মিথ্যা না কহিও কিছু ওহে সনাতন। তব ভাই রূপ ছিল মোর প্রিয় পাত্র। হামেসা বৈঠক ছিল শয়ন একত্র॥ সে হেন প্রাণের ভেয়্যা গেলা যেই দোষ। হেন বুঝি যাবে তুমি <mark>তাহার উদ্দেশে।</mark> পোতার মিদ্দাশে কহবু বাড়ি ফতেপুর<mark>।</mark> হামেসা থাকএ সেই পাতসার হুজুর॥ তারে বোলাইয়া কহিলা বারে বার। সনাতন হাওলাত করিলাম তোমার॥ সনাতনে পাইক দিয়া রাখিব পোতাঘরে। সাবধানে রাখিবে যেন জাইতে নাপারে॥ আশেপাশে প্রহরী রাখিবে অবিরত। সপ্তবর্ষ পর্যান্ত রাখিবে এইমত॥ পাতসাহার হুকুম এই হুইলা তাহারে। সনাতনে রাখে লঞা বন্দিশালা ঘরে॥ নিভিতে হবুকে ডাকি বলে সনাতন। মোরে তুঃখ দিলে তোমার কোন প্রয়োজন।। সেখ হবু বলে সাহেব কি বল আমারে। পাতসাহার হুকুম বিনে কি করিতে পারে॥ আমা হৈতে কিবা কাজ আছে উপদেশ। তোমার তুঃখ দেখি মোর তন্তু হইল শেষ। একথা শুনিয়া হস্ত ধরে সনাতন। বন্দী হইতে তুমি মোরে করহ মোচন॥

পায়ে পড়ি সেখ হবু করে নিবেদন। কিরূপে করিব আমি বন্ধনমোচন॥

X X X

ইহা শুনি লক্ষ্মুজা দিলা তার হাতে। ছোড়ান পাইয়া সনাতন চলে রাজপথে॥ গৌরাঙ্গ গৌরাঙ্গ বলি শীঘ্রগতি ধায়। ব্যাঘ্র ভল্লুক যত দূরেতে পালায়॥

On the subject of Sanātana's renunciation of the world.

End :-

সাধ্যসাধন এই কহিল তোমারে। ইহার অধিক নাই ব্রহ্মাণ্ডের ভিতরে॥ তন্তাবে ভাবিত এই মঞ্জরী পরিচয়। উপাসনার সার এই কহিল নিশ্চয়॥

Colophon :-

<u>শ্রীরূপসনাতনমুখোদ্ধ্তোবাচ উপাসনাবস্তু সমাপ্তম্।</u>

Post colophon statement :-

লিখিতং শ্রী বংশীদাস সাকিম সোণামুখী সন ১২৪২ সাল।

The MSS. is often printed.

There is one song in the title page by Caṇḍi Dās, which begins with the following lines.

বলগো সজনি পিরিতি নগরে বসতি করিব মোরা।
মরম না জানে ধরম বাখানে বাহিরে রহুক তারা॥
বাহির দারে কপাট লাগাহ ভিতর দরজা খোল।
নিসাড়ি হইয়া বলগো সজনি অন্ধকারে পর্যালে

আলো॥ ইত্যাদি।

270

Unknown

4973. চম্পককলিকা বা <mark>উপাসনারহস্ম।</mark>

Campakakalikā or Upāsanārahasya.

Substance, country-made paper, $10\frac{1}{2} \times 5$ inches. Folia, 13. Lines, 10 on a page. Extent in ślokas, 250. Character, Bengali. Date, B. S. 1113 (c. 1706 A. D.). Appearance, discoloured. Complete.

Beginning :—

শ্রীরাধাকুফায় নমঃ।

অথ জীবগোস্বামীর স্মরণিয় টীকা অনুসারেণ পদবাস্মরণিয় কুর্য্যাৎ।

বন্দেহং প্রীপ্তরু প্রীযুতপদকমলং etc., etc.
প্রীরূপসনাতনোবাচ।
অপ্তবংসর আগে রূপ গেলা বৃন্দাবন।
সনাতনে থুইঞা এথা স্থুখ নাহি মন॥
রাজিদিন ভাবে রূপ গৌরাঙ্গ চরণ।
সনাতন সঙ্গে পুনঃ করহ মিলন॥

See our number 4915.

End:

তদ্ভাবে ভাবিতচিত্ত মঞ্জরী পরিচয়ে। উপাসনারহস্ম এই কহিল নির্ণয়ে॥

Colophon:

ইতি চম্পককলিকা গ্রন্থ সম্পূর্ণম্।

Post colophon statement:—

ইতি সন ১১১৩ সাল (c. 1706 A.D.) তারিখ ১১ই পৌষ।

271

Unknown

3968 B. রাগময়ীকণা। Rāgamaīkaņā.

Substance, country-made paper, $14\frac{1}{2} \times 5$ inches. Folia, 9. Lines, 10 on a page. Extent in ślokas, 270. Character, Bengali. Date, B. S. 1245 (c. 1838 A. D.). Appearance, fresh. Complete.

Colophon :— ইতি রাগমইকোণা গ্রন্থ সম্পূর্ণ।

Post colophon statement:—

পুরুল্যা নিবাস নাম ভরত মণ্ডল।
তার আদরসে গ্রন্থ হইল নকল॥
লিখকের নাম বটে বস্থ রাসবিহারী।
যার পূর্ব্ব পূর্ববিসের কিয়া পট্টভুরী॥
হাল বাস তোড়কোণা পূর্ব্ব কুলীনগ্রাম।
বৈষ্ণবদাস বস্থ রামানন্দের সন্তান॥
লালমণি বৈষ্ণবি পাঠক ইহার।
বৃন্দাবনপুরে পিতৃআলয় যাহার॥
মথুরাদাসের কন্যা গৌরহরি ভাই।
তার স্থাথে রাখ প্রভু চৈতন্য গোঁসাই॥

ইতি সন ১২৪৫ সাল তারিখ ২৫সে কার্ত্তিক। মোকাম পুরুল্যাতে গ্রন্থ সমাপ্ত।

A devotional tract of Vaiṣṇavism in Bengali. The Ms. is often printed.

272

Unknown

5389. প্রতিত্সার | Bhrāntatattwasāra.

Substance, country-made paper, $13\frac{1}{2} \times 4\frac{3}{4}$ inches. Folia, 13. Lines, 10 on a page. Character, Bengali in a scribbling hand. Appearance, fresh. Incomplete.

Beginning:—

জয় জয় শ্রীচৈতন্য সর্বতত্ত্বসার। জয় জয় × × রসের ভাণ্ডার॥ বুঝিতে না পার<mark>ি আত্মসাধন ভজন।</mark> স্থানে স্থানে নানামত শুনিয়া বিধান॥ X X সন্দেহ ভঞ্জন হেতু ভ্রান্ততত্ত্বসার। সংক্ষেপে কহএ কিছু তাহার বিচার॥ প্রমার্থ গুণ বস্তু শ্রীচৈত্যসার। সকল দেহেতে হয় এহার বেহার॥ X × প্রানি নাইকা হয় সভার উত্তম। প্রভানি লক্ষন কহে শুন বিবরণ॥ পত্য গন্ধ সদা গাএে অতি বিচক্ষণ। পত্যলোচন হয় মৃগাক্ষে জিনিয়া। কুজ রক্স নাসিকা শোভয়ে ভালিয়া।। কুচযুগ ঘটে লতা সোনার কুটুরি সদা দিপ্তমান আছে বুকের উপরি।

273 Unknown

4972. রুস্'ল। Rasāla.

Substance, country-made paper, $13\frac{1}{2}\times 5$ inches. Folia, 5. Lines, 10 on a page. Extent in ślokas, 100. Character, Bengali of the early 19th century. Appearance, discoloured. Complete.

Beginning:—

শ্রীশ্রীরাধাকৃষ্ণভাগ নম:।
জয় জয় শ্রীচৈতন্য etc., etc.

শ্রীচৈতন্ম নিত্যানন্দ ছই মহাশয়।
জীবের নিস্তার হেতু করিল উপায়॥
শ্রীচৈতন্ম নিত্যানন্দ একত্রে বসিলা।
ছই প্রভুর বাক্যভাবে অমিয় সিঞ্চিলা॥
চৈতন্ম বলেন নিতাই তুমি দয়াময়।
জীবের নিস্তার কর হইয়া সদয়॥
নিত্যানন্দ বলেন প্রভু কর অবধান।
জীবের নিস্তার হেতু কেমন সন্ধান॥
চৈতন্ম বলেন নিতাই কহিএ তোমারে।
জীবে নিস্তার হয় ভজিলে কুফেরে॥

End:

প্রভু কহে নিত্যানন্দ আর কিছু হয়। বৈষ্ণবে বিশ্বাস করিলে অবশ্য তরয়॥

Colophon :— ইতি রসালগ্রন্থ সমাপ্ত।

Post colophon statement :—
পাঠক শ্রী মাণিকচন্দ্র ঠাকুর সাঃ রাজপুর।
যেমন পাঠক তেমনি গ্রন্থ মাহাস্থর।
Marginal Note on page 2. ভক্তিগ্রন্থ।

274 Unknown

4952. সিদ্ধান্তচন্দোদয়। Siddhāntacandrodaya.

Substance, country-made paper, $13\frac{1}{2} \times 5$ inches. Folia, 52. Lines, 12 on a page. Extent in ślokas, 950. Character, Bengali. Appearance, old and discoloured. Dates mentioned in the Mss. are 1249 B. S. and 1269 (c. 1842 and 1862 A. D.). Complete.

Beginning:-

শ্রীকৃষ্ণ চৈতত্যচন্দ্রায় নমঃ। বন্দে কস্তর্বিকা দেবীং কৃষ্ণশ্র প্রিয়বল্লভাম্। etc., etc. \times \times \times

কস্ত_ূরী মঞ্জরী পাদপদ্ম করি সার। প্রথমে লিখিএ কুষ্ণের স্বরূপ বিচার॥

2A, ইতি সিদ্ধান্তচন্দোদয়ে স্বরূপবিচার নাম প্রথম প্রকরণ; 3B, O ব্রহ্মতত্ত্ব নিরূপনং নাম দ্বিতীয় প্রকরণম্; 4B, তদরূপনং নাম তৃতীয় প্রকরণম্ etc., etc.

× × ×

End:—

জয় জয় কবিরাজ গোসাঞি কৃষ্ণ্ণাস।
দিনহিনে ক্রপা করি রাখ নিজ পাশ॥
কবিরাজ গোসাঞি মোর উপদেশ কর্ত্তা।
জাহার ক্রপায় স্কুরে রাধাকৃষ্ণের তত্ত্ব॥

Last colophon :—
ইতি শ্রী সিদ্ধান্তচন্দ্রোদয়ে অষ্টাদশ প্রকরণং সমাপ্তম্।

Post colophon statement:—

তারিখ ২৪ আসাড়ে সাং সনামুখি গলগলি পরগণে। লিখিতং শ্রী বংশীধর দাস বাউল॥

There are two dates in two different later hands.

1. সন ১২৪২ সাল।

II. শ্রী মকুন্দ দেবে শ্রী মধুস্থদন দাসে 🗴 🗴 সন ১২৬৯ সাল ১১ আধিন সমাপ্ত শুক্রপক্ষে দ্বিতীয়া।

× × ×

275 Unknown

2789. ভক্তির্সামৃত্সিক্স । Bhaktirasāmṛtasindhu.

Substance, country-made paper, $13 \times 4\frac{1}{2}$ inches. Folia, 22. Lines, 10 on a page. Extent in ślokas, 550. Character, Bengali. Date, (?) Appearance, discoloured. Complete.

Beginning :-

শ্রীরাধাকৃষ্ণায় নমঃ।
জয় জয় মহাপ্রভু গৌর ভগবান।
তোমার পদার বৃন্দে ভক্তি দেহদান॥
জয় নিত্যানন্দ প্রভু কৃপার সাগর।
ভক্তিদান দিয়া মোরে করয় ২ কিঙ্কর॥
অবৈত গোসাঞি দীন ছঃথির জীবন।
দত্তে তুণ করি মাগে দেহ প্রেমধন॥ Etc.

After the Gourcandrika or Mangalācaraņa it has:

শ্রীরপগোসাঞি কথা তুর্ন্ম অপার। আপনে গৌরাঙ্গে কৈলা শক্তির সঞ্চার॥ রসামৃতসিদ্ধুনামে গ্রন্থমহাস্থর। রাধাকৃষ্ণ ব্রজলীলা বিলাস প্রচর॥

সান্তদাস্থ সথ্য আর বাৎসল্য শৃঙ্গার॥ ইত্যাদি।

Bhaktirasāmṛtasindhu of which the present Ms. contains a Bengali commentary in verse, is by Rūpa. See IO. Catal. No. 2501.

The first verse of the work ends:

অথিলরসামৃতসিন্ধু প্রস্থমররুচিরুদ্ধতারকাপানিঃ।

কলিতশ্যামাললিতো রাধাপ্রেয়ান্ বিধুর্জয়তি॥

Last colophon:—

ইতি শ্রীভক্তিরসামৃতসিন্ধৌ চতুর্থবিভাগঃ সমাপ্তঃ। The Ms. is often printed.

276

Unknown

5393. বৈষ্ণব্ৰ | Vaisnavabandanā.

Substance, country-made paper, 12×4 inches. Folia, 5. Lines, 8, 9 on a page. Character, Bengali of the 19th century. Appearance, delapidated. A fragment.

Beginning:

শ্রীকৃষ্ণচৈতন্মচন্দ্রাত্ম নমঃ।
বন্দ শ্রীকৃষ্ণচৈতন্ম নিত্যানন্দ কুপাময়॥
×
×
×

× × × ×

প্রাণ গোরাচান্দ মোর ধন গোরাচান্দ।

সচির ছলাল গো অখিলের প্রাণ + + + etc., etc.

× × কৃষ্ণদাবে করহ উদ্ধার॥

× × ×

নি<mark>ত্যানন্দ গুরু কহিল নিজ সক্তি দিঞা।</mark> গদাধর দায[়]আর গৌরাঙ্গ দোয়র॥

277 Unknown

4943. পদপদাবলী। Padapadābalī.

Substance, country-made paper, $13\frac{1}{2} \times 5$ inches. Folia, marked 1, 4, 6, 7. Lines 10 to 12 on a page. Character, Bengali of the 18th century. Appearance, old and worn-out. Incomplete.

The leaves are also marked on the let hand side with Annas.

Beginning:

শ্রীরাধাকুষ্ণ।

বিহানে তোমার সনে ধেন্থ লঞা আইলাম বনে এতবেলা কিছু নাহি খাই।

যার খোন্দে লাগে ধেন্ত কারে নেয় সিঙ্গাবেণু ন বলে না মারে পরাণে। মনে অনুপাণ করি বলে নন্দের বালা শ্রীদামে পাঠাঞা দায় মুনির যজ্ঞশালা। বলরাম উপরাদে শ্রীদাম চলিল মুনির সাক্ষাৎ জাঞা উপনীত হইলা॥ etc.

On the left hand margin of every leaf it has :—
পদপদাবলী।

End:

শ্রীকৃষ্ণ চরিতিকথায় না করিহ হেলা। ভবসিন্ধু তরিঞারে নামে বাদ ভেলা।

278 Narasimha Dāsa

4912. উদ্ধবসম্বাদ। Uddhavasaṃbāda.

Substance, country-made paper, $13\frac{1}{2} \times 4\frac{1}{2}$ inches. Folia, 16. Lines, 7 on a page. Extent in ślokas, 250. Character, Bengali. Date, B. S. 1081 (c. 1674 A. D.). Appearance, old and discoloured. Complete.

Beginning :-

শ্রীশ্রীরাধাকৃষ্ণ॥
একদিন বসিলা কৃষ্ণ উদ্বব সহিতে।
ভাবিতে লাগিলা প্রভু গোপীর চরিত্রে॥
গোকুলে গোপীর সঙ্গে যত কৈলা লীলা।
সেসব শঙরি কৃষ্ণ অবশ হইলা॥
সজল নয়ন ছটা বৃন্দাবন ভাবে।
নিজ কর্ম্মকথা কৃষ্ণ কহেন উদ্ধবে॥
যেতেক কহিল সখা ব্রজের কথন।
তোমা না দেখিয়া বারে না রহে জিবন॥
গোপীর চরণে বহু করি মন আশ।
উদ্ধব গমন কহে নরসিংহদাস॥

Colophon :— ইতি উদ্ধবসম্বাদ সমাপ্ত—। Post colophon statement :— সন ১০৮৪ সাল তারিথ ৬ই বৈশাখ। The MS. has often been printed.

279

Kṛṣṇa Dāsa

5413. অবৈত কড়চা সূত্ৰ। Advaita Kaḍcā Sūtra.

Substance, country-made paper, 14×5 inches. Folia 12. Lines, 9 on a page. Character, Bengali of the 19th century. Appearance, tolerable.

-We find three colophons of two different works, the first one of a work of Caṇḍidāsa and the next two of Advaita Kaḍcā by Kṛṣṇadāsa.

- 4 B. আসিবেন আপনি নাথ নাম প্রেমে করিতে স্থাপন কহে দ্বিজ চণ্ডীদাস সে চরণে মোর আস সট ছাড়ি পশিলা চরণে।
- 5 A. শ্রীরপরঘুনাথ পদে যার আস।
 শ্রীঅবৈতকড়চাসূত্র কহেন কৃঞ্চাস। ইতি॥
 শ্রীচৈতন্যপ্রভুর মোন কড়চা অনুসারে।
 মঙ্গল আচরণ বীজ হেতু নিহেতুতত্ব প্রথম অধ্যায়॥
- 9 A. শ্রীরপরঘুনাথ পদে যার আস।
 শ্রীটেততা কড়চা কহেন কৃঞ্দাস॥
 শ্রীতাবৈত প্রাভুর মূল স্থল অনুসারে।

প্রেম উপাসনা শ্রী মাধবেন্দ্র পুরীর উক্তি তত্ত্বকথা দ্বিতীয় অস্ক।
Then the MS. goes on :—

জয় জয় শ্রীচৈতন্ম জয় নিত্যানন্দ etc., etc.
নিভিতে বসিয়া পুরী আচার্য্যেরে লয়া।
কৃষ্ণতত্ত্ব কথা কহেন আনন্দিত হয়া॥
আচার্য্য কহেন প্রভু কন আরবার।
যোগের আসয় কহ কেমন প্রকার॥

তব মুখে শুনিয়া তরিব এ ভব সংসার।
বোগতত্ত্বসাধন এই সর্ববৈত্ত্ব সার॥
শুনিয়া মাধব কহেন তুমি ত্রিপুরারি।
আগম নিগম তত্ত্ব তোমা বিনা নারি॥
তব মুখে আগম নিগম বেদ আছে।
তুমি মোরে জিজ্ঞাস আশ্চর্য্য লাগিছে॥
পূর্বেব্ব সব বেদগণ তব মুখে শুনি।
বেদ বিধি মন্ত্র তন্ত্র জানহ আপনি॥

This portion breaks off abruptly thus:—
কারু মুখে হরিনাম শুনিতে না পাই।
তোমার কুপায় যদি শুনিহে গোসাঞি॥
শুনিয়া কহেন পুরি ও'র গুণ হৈতে।
হরিনামে মর্ত্ত হবে সকল জগতে॥
হরি আসিবেন নিজ সাঙ্গপাঙ্গ নয়াা।
দিন কত রহ তুমি কৃষ্ণ ধেয়াইয়া॥

সখি সখা পাবে সবে হবে প্রেমময়। চিত্র বিশাখা আর চম্পক কলিকা॥

The MS. has been edited and published by various scholars and publishers.

280 Marina de Augulio Augulio

Narasimha Dāsa

4960. উদ্ধবগমন। Uddhavagamana.

Substance, country-made paper, $13\frac{1}{2} \times 5$ inches. Folia, 16. Lines, 8 on a page. Extent in slokas, 250. Character, Bengali. Date, B. S. 1239 (c. 1832 A. D.). Appearance, discoloured. Complete.

Beginning:

শ্রীশ্রীরাধাকৃষ্ণ।

একদিন বসিলা কৃষ্ণ উদ্ধবের সহিত। ভাবিতে লাগিলা কৃষ্ণ গোপীর চরিত।। গোকুলে গোপীর সঙ্গে যত কৈলা লীলা। সেদব শুঙরি কৃষ্ণ বিবশ হইলা॥ সজল নয়ান ছুটী বৃন্দাবন ভাবে। নিজ মৰ্শ্মকথা কৃষ্ণ কহেন উদ্ধাবে॥ শুন শুন মর্ম সখা প্রাণের উদ্ধব। <mark>তোমার লাগিয়া প্রাণ ধরে গোপীসব॥</mark> যখন আইলাম আমি মথুরানগরে। প্রবোধ বচন দিঞা আইলাম সভাকারে॥ বিলম্ব না হব মোর শুনহ উত্তর। ত্বরায় আসিব আমি গোকুল্নগর॥ আমার বিলম্ব দেখি গোকুলনিবাসী। সভেতে জীবেন প্রাণ হেন মনে বধিস।। তে কারণে বলি আমি শুনহ উত্তর। মোর পত্র লঞা জাহ গোকুলনগর॥

End:-

গোপীর চরণে বহু রঙ্গ গোর আস। উদ্ধব গমন কহে নরসিংহদাস॥

Post colophon statement :—
ইতি সন ১২৩৯ সাল তারিখ ১৪ই বৈশাখ এ পুস্তক পাঠক শ্রী গোপাল মাল সাকিম জশড়া।

Often printed.

Kiśora Dāsa

উদ্ধাৰ্থ | Uddhavasandeśa.

Substance, country-made paper, 131 × 5 inches. Folia, 23 of which the 2nd and 4th are missing. Lines, 9 on a page. Extent in ślokas, 390. Character, Bengali. Date, B. S. 1233 (c. 1826 A.D.). Appearance, discoloured.

Beginning:-

শ্রীশ্রীরাধাকৃষ্ণায় নমঃ। শ্রীকৃষ্ণচৈত্মচন্দ্রায় নমঃ। বাঞ্ছাকল্পতরুভ্যশ্চ কুপাসিকুভ্য এবচ। etc., etc. আনন্দেতে বল হরি ভক্ত ভগবান্। ঠাকুর বৈষ্ণবের পায় করিয়া প্রণাম॥

X X X

- পূর্ণরাপী উদ্ধবের হাতেতে ধরিয়া। 3 B. কহেন স্থকাব্য কৃষ্ণ বিনয় করিয়া। তোমা বিনা কে আমার আছে আন্তজন। কাহারে কহিবে হবে ছঃখ নিবারণ। সম্প্রতি আপনি তুমি গোকুলে যাইয়া। আসিও উদ্ধব তুমি গোপী সান্তাইয়া॥ আমার কারণে গোপীগণ নিরন্তরে। সকলে হয়্যাছে দগ্ধ বিরহের জ্বরে॥ কালি প্রভাতে উঠিয়া করহ গমন। বিলম্ব না সহে শুন আমার বচন॥ পাইয়া কুষ্ণের আজ্ঞা উদ্ধব স্থমতি। প্রভাতে উঠিয়া যাত্রা করিলা সম্প্রতি।
- 21 B. ফুদয়ে ভরসা করি কৃষ্ণকৃপালেশ। রচিল কিশোরদাস উদ্ধব সন্দেশ।

chautor.

End :=

কৃষ্ণ কোন কথা উদ্ধবেরে না পুছিল। এই হইতে সন্দেশ পুথি সম্পূর্ণ হইল॥

Post colophon statement :—
ইতি সন ১২৩৩ সাল তারিখ ১০ চৈত্র।
Often printed by Baṭṭtalā Press.

282 Mādhuri Dāsa

4868. (প্রমৃভক্তি। Premabhakti.

Substance, country-made paper, 10×5 inches. Folia, 15. Lines, 13 on a page. Extent in ślokas, 450. Character, Bengali of the 19th century. Appearance, discoloured. Incomplete.

Beginning :-

শ্রীশ্রীরাধাকৃষ্ণ।—
অজ্ঞানতিমিরাক্ষস্থ etc.
অগিয়ান প্রেমবস্ত কামেতে মিশায়।
কাম অবলম্বে নিজ স্বরূপ জানায়॥
তথাহি। প্রেম আগে আলম্বিব তিমরস্থ অদর্শনম্।
নয়নে নয়নে দিষ্টীমাত্রেণ যুদ্ধানাঞ্জন সারিস্বিকম্॥

The author's name :-

15 B. অনায়াসে পাইবে মধুর বৃন্দাবন।
কিসোরি আশ্রয় কর কিসোরি সেবনে।
কহেন মাধুরিদাস শ্রীরূপচরণে॥

ইতি দ্বিতীয় অধ্যায়।

It breaks off abruptly at the beginning of the third chapter.

Devakinandana

5369. বৈষ্ণবৰ্দ্ন | Vaiṣṇavabandanā.

Substance, country-made paper, 10×4 inches. Folia, 11 of which the 6th to 8th are missing. Lines, 7, 8 on a page. Extent in ślokas, 125. Character, Bengali. Date, B. S. 1205 (c. 1798 A. D.). Appearance, discoloured. Complete.

Colophon :-

দেবের তুর্ল্ল ত প্রেম ভক্তি সেই লভে। দৈবকীনন্দন কহে এই সব লোভে॥

ইতি শ্রী দৈবকীনন্দন বিরচিতং বছব বন্ধনা সম্পূর্ণম্।

Post colophon statement :—
বাস্থাকল্পতকৃত্য*চ etc., etc.

ইতি পুস্তকমিদং সম্পূর্ণ।

লিখিতং শ্রী রাধাপ্রসাদ দাস সরকার পঠক শ্রী ফলনী। ইতি সন ১২০৫ সাল ৫ই বৈশাখ রোজ সমবার বেলা ১ প্রহরের মধ্যে সমাপ্ত হইল। জথাদৃষ্টিমিত্যাদি।

Beginning :-

শ্রীশ্রীহরি।

শ্রীচৈতন্যচন্দ্রো জয়তি।
বন্ধো শ্রীকৃষ্ণচৈতন্য নিত্যানন্দ ক্রীপাময়ো॥
সর্ব্বাবতার সংভ্রন্তো সর্বব্রক্তজনাস্বায়া॥
যাহিব রাগ।
প্রাণ গোরা ঠাকুর মোর ধন গোরা ঠাকুর
পতিতজনার প্রাণ প্রেমদিয়া ধাঁধে।
বিনতি করিয়া তৃণ ধরিয়া দশনে।
নিবেদন করি গুরু বৈষ্ণব চরণে॥
শ্রীকৃষ্ণচৈতন্য নিত্যানন্দ যুশোদারে।

শ্রীকৃষ্ণতৈত্ত নিত্যানন্দ যশোদারে। যতেক বৈষ্ণব ভাহা কে কহিতে পারে॥

Ghanasyāma

5421. ্রীকৃষ্বিলাস্গীত। Srikṛṣṇavilāsagīta.

Substance, country-made paper, 13×6 inches. Folia, 183. Lines, 12 on a page. Character, Bengali of the early 19th century. Appearance, old and discoloured. Incomplete.

Beginning :-

অজ্ঞান তিমিরাস্কস্ত জ্ঞানাঞ্জন শলাক্য়া etc., etc. অবণীতে লটি লটি দণ্ডবং কোটি কোটি প্রণাম গুরুর চরণে। অজ্ঞান তিমির্ময়ে জ্ঞানাঞ্জন শলাকায়ে লোচনে প্রকাশ কারণে॥ X X তোমার কুপার তেজে ভ্ৰমহি মণ্ডলমাঝে মনে আছে এমন বাসনা। শ্রীকৃষ্ণ বিলাস গ্রন্থ অ্মিয়লহরী তত্র গীতছন্দে করিব রচনা॥ তুয় পদ পদ্ম ধুলি বিভূষিত মোর মৌলী মনে মোর এই অভিলাস। তুম্বই পদারবৃন্দ সেরভ মকরন্দ মরে অলি ঘ্নগ্রাম দাস।

× × × হ প্রণমহ গোরাচান্দ প্রভু ভগবান। জুগধর্ম প্রকাশল জিব পরিত্রাণ॥

282 B. ঘনশ্যাম বিরচিত শ্রীকৃষ্ণ বিলাস গীত
কহে কত পীয্ধের ধার।
ভকত চাতক যত পিবি পিবি উন্মত
অবিরত আনন্দে পাথার॥

Unknown

5425. স্নাত্নচরিত। Sanātanacarita.

Substance, country-made paper, 14×5 inches. Folia, 7. Lines, 9 on a page. Character, Bengali of the early 19th century. Appearance, old and discoloured. Incomplete.

This gives the life-story of Sanātana.

Beginning:-

শ্রীশ্রীকৃষ্ণ। অথা শ্রীজীবগোস্বামীর টীকা স্বরণি (?)।
অনুসারিন পদ্মবাস্ত স্বরনিয়ং জয়তি ॥
বন্দেহং শ্রীগুরু শ্রীফুৎপদকমলং শ্রীগুরুবষ্ণবাং etc., etc.
অন্ত বংসর আগে রূপ গেলা বিন্দাবনে।
সনাতনে রাখি হেথা সুখ নাহি মনে॥
রাত্রিদিন ভাবে রূপ গৌরাঙ্গ চরণ।
সনাতন সঙ্গে মোর করাহ মিলন॥
(Noticed before.)

Often printed.

286

A collection of songs by many Vaisnava Poets

3760. বৈষ্ণবগীত। Vaiṣṇavagīta.

Substance, country-made paper, $9 \times 3\frac{1}{4}$ inches. Folia, 10. Lines, 6 on a page. Extent in ślokas, 90. Character, Bengali of the 18th century. Appearance, discoloured. Complete.

Beginning:—

শ্রীশ্রীরাম। পাসী।
খেলত খেলত পাসী খেল তবে মন।
কেমন খেলা বটে খেল তবে।
রাই সঙ্গে খেলে পাশা অতি মনোহর। ইত্যাদি।

A collection of songs by many Vaisnava authors.

End :--

শুক সনাতন পদ্মলোচন সাজিল বনগালী।

শ্রীদাম দিছেন বকুলমালা কানাইয়ের গলে তুলি॥
বনফুল তুলিয়া মালা ভাল দিয়েছেন গলে।

মনের সাধে অরুণিপুরে কবি কাত্তিক বলে॥

287 Raghunāth Dāsa

⁵⁰⁰⁶ A. স্বপ্নাবেশচন্দ্রিকা বা রসসংগ্রহপদ।

Swapnābeśacandrikā or Rasasmgrahapada.

Substance, country-made paper, $12 \times 5\frac{1}{2}$ inches. Folia, 19 of which the second is missing. Lines, 9 on a page. Character, Bengali of the 19th century. Appearance, fresh.

A Vaiṣṇava's collection of the Padas of Vidyāpati and Govinda Dāsa, some chapters from Svapnāveśa, a Sanskrit hymn to Śrīkṛṣṇa of Viṣṇudāsa, a Sanskrit hymn to Rādhikā from the Brahmāṇḍa Purāṇa, Rādhikāstarāga in Sanskrit by Rādhikā and so on. The Sanskrit portions are too corrupt to be read.

This is left incomplete. On the left hand margin of the 19th leaf it is called "Rasasamgraha."

On the right hand margin of the 21st leaf is written জীজীজগন্নাথ।

5006 B. স্বপ্নাবেশচন্দ্রিকা। Swapnābeśacandrikā.

Substance, country-made paper, $12\frac{1}{2} \times 5\frac{1}{2}$ inches. Folia, 21. Lines, 8 to 11 on a page. The 3rd and the 4th leaves are missing. Character, Bengali of the 19th century. Appearance, old and discoloured.

This is another copy of the collection. It has a leaf and a half more after the end of the former.

P 5. ইতি শ্রী রঘুনাথ দাস গোস্বামিনা বিরচিতং প্রেমাস্তোজ-মরন্দ্রাক্য শ্রীরাধিকাস্তবরাজ স্তোত্রং সমাপ্তং॥ ইতি শ্রীস্বপ্নাবেশ-দ্বিপচন্দ্রিকায়াং তেত্রিশ ব্যভিচারি ভাবস্ত চতুর্দ্দশোহঙ্ক etc.

288

Unknown

5004. (মাহমুদ্গর। Mohamudgara.

Substance, country-made paper, $13\frac{1}{2} \times 5$ inches. Folia, 11. Lines, 9 on a page. Character, Bengali of the early 19th century. Appearance, discoloured. Incomplete.

Beginning:—

৭ শ্রীশিবত্বর্গা। व्योगंग। অথ মোহমুদ্গরো লিখ্যতে। একদিন শিবছুৰ্গা বসিঞা কৈলাসে। রহস্যের কথা কহেন প্রম হরিষে॥ পার্ব্বতী কহেন নাথ করি নিবেদন। কৃষ্ণভক্তি কথা কিছু করিব শ্রবণ॥ etc., etc. শিব বলে কৃষ্ণকথা শুনহ পার্ব্বতি। এক চিত্র হঞা শুন আমার ভারতি॥ অভিমন্ম বিরে জদি মারিলেন দ্রোন। কোনমতে শান্তি তবে পাইলা রাজন। সেইসব কথা মোরে কহ শুলপানি। তোসার কৃপাএ আমি কৃষ্ণক্থা শুনি॥ পুত্রশোকে ধনঞ্জয় বিফল সরির। নিরবধি তরে চিত্ত শোকেতে অস্থির। X মায়া পরিহরে প্রাণ কায়াতে থাকিতে।

মায়া ত্যাগি জন মোরে দেখাহ শ্রীহরি॥

X X X

হাসিঞা তাহারে লঞা গেলা নারায়ণ। সন্থরে চলিলা মোহমুদগরের স্থান॥ Often printed.

289 Fakirrāma

5390. স্ত্যুনারায়ণের কথা। Satyanārāyaṇera Kathā.

Substance, country-made paper, $14 \times 3\frac{1}{2}$ inches. Folia, 24. Lines, 8 on a page. Extent in ślokas, 480. Character, Bengali of the 19th century. Appearance, fresh. Complete.

Beginning:

ওঁ নম সত্যপীরায়। করজোড় করিয়া বন্দিব গজাননে। পানিপুটে প্রণাম পার্ব্বতী ত্রিলোচনে॥ প্রণমহ শ্রীরাম লক্ষ্মণ আর সীতা।

Colophon :-

রামপদ পঙ্কজে ফকীররাম ভণে। গুরুর পীরিতে হরি বল সর্বজনে॥

> 290 Narottama Dāsa

4957. ভক্তিসারাৎসার। Bhaktisārātsāra.

Substance, country-made paper, $13\frac{1}{2} \times 5$ inches. Folia, 6. Lines, 12 on a page. Extent in ślokas, 200. Character, Bengali of the 18th century. Appearance, old and discoloured. Complete.

Beginning:

শ্রীশ্রীকৃষ্ণচৈতন্ত মহাপ্রভূ। শুন শুন সাধকজন করি নিবেদন। জথার্থ কহিএ আমি,শুন দিয়া মন॥ অফরাদ ভএ আগে করি নমস্বার।
সহজ কথা কহিএ আমি কি দোষ তাহার॥
অবিশ্বাস হইলে দেখি তোমাদের কারণে।
সেসব কহিতে হইলে উচ্ছ হ'বে মনে॥
কত মধু ঢাল কলষে কলষে।
জ্বহনাথ দায কহে বিন্দু না পরষে॥
ভালমন্দ প্রেম কিছু বিচার না করয়।
চৈতত্যচরিতামৃতে গোসাঞি লিখয়।
কুটিল প্রেম অগে আন নাহি জানে স্থানাস্থান।
ভাল মন্দ নারে বিচারিতে।
চাহিলে না মিলে প্রেম আপনে সাদ্ধি লয়।
তার সেচ্ছা জোথা কর এ উদয়॥
এইজে কহিলাম এই বাক্য সার।
রাগ বৈধিশ্ধ ইথা কুথা ছাড়হ বিচার।

End:—
শ্রীচৈতন্ম নিত্যানন্দ চরণে যা'র আস।
ভক্তিসারাৎসার কহে নরোত্তম দাস॥

Colophon :— ইতি ভক্তিসারাৎসার গ্রন্থ সমাপ্ত।

291

Narottama Dāsa

5368. প্রেমবিলাস। Premavilāsa.

Substance, country-made paper, 11×4 inches. Folia, 12. Lines, 8 on a page. Extent in ślokas, 200. Character, Bengali of the 19th century. Appearance, discoloured. The right hand side of the first 5 leaves is almost eaten off by worms. Complete.

End :--

শ্রীরূপচরণপদ্ম হৃদয়ে অভিলায। প্রেমবিলাস গৃস্থ কহে নরত্তম দায়॥ Colophon:

ইতি প্রেমবিলাস গ্রেন্থ সংপুতা।

Post colophon statement:

লিখিতং শ্রী গোপালদাস বাবাজী লেখকের দোষ নাস্তি। জথদিষ্ট তথা লিখিতং। লেখকের দোষ নাস্তি। ভীমন্তেবি রণে ভঙ্গ etc. Often printed.

292

4986. চৈত্যচরিতামৃত। Caitanyacaritāmṛta.

Substance, country-made paper, 14×5 inches. Folia, 5 to 28. Lines, 8 on a page. Extent in ślokas, 500. Character, Bengali of the 18th century. Date, B. S. 1244 (c 1837 A. D.). Appearance, old and discoloured.

Chapters from the Madhya Khanda and the Antakhanda of the Caitanyacaritāmṛta. Extracts are made quite haphazardly.

- 11 A, ইতি ঐতিচতন্যচরিতামৃতে মধ্যখণ্ডে দ্বিতিয় পরিচেছ্লঃ;
- 13 B, ইতি শ্রী মধ্যখণ্ডে ত্রিয়োদস পরিচ্ছেদঃ;
- 18 A, ইতি শ্রী মধ্যখণ্ডে নাম একবিংসতি পরিচ্ছেদঃ;
- 19 A, ইতি শ্রীচৈতন্যচরিতামৃতে মর্ধ্যথণ্ডে নাম বিংশতি পরিচ্ছেদঃ; 20 B, ইতি শ্রীচৈতন্যচরিতামৃতে অন্তখণ্ডে চতুর্দ্দশ পরিচ্ছেদঃ; 25 B, ইতি শ্রীচৈতন্যচরিতামৃতে অন্তীখণ্ডে যোড়শ পরিচ্ছেদঃ; (last colophon) ইতি শ্রীচৈতন্য চরিতেমৃতে অন্তিখণ্ডে সপ্তদশ পরিচ্ছেদঃ।

ইতি শ্রীচৈতন্যচরিতামৃত প্রলাপ সমাপ্তঃ। The MS. has been printed before.

293 Krsna Dāsa

4987. রন্প্রথান। Vindavanadhyāna.

Substance, country-made paper, $9 \times 3\frac{1}{2}$ inches. Folia, 9. Lines, 6 on a page. Extent in ślokas, 90. Character, Bengali of the 18th century. Appearance, old nd discoloured. Complete.

Beginning:—

প্রীপ্রীরাধাকৃষ্ণ। প্রীবৃন্দাবন য গোলোক স্থানস্থ শ্রীমান মণ্ডলস্থা নানা বর্জ নির্দ্ধিত ইত্যাদি।

End:

শ্রীরপরঘুনাথ পদে যার আস। শ্রীরন্দাবন ধ্যান কহেন কুফদাস॥

Colophon :-

ইতি শ্রীশ্রীবৃন্দাবন ধ্যান পুস্তক সম্পূর্ণ। শ্রীশ্রীগুরুবে নমঃ।

294

Narottam Dāsa

4989 A. বৈষ্বামৃত। Vaiṣṇavāmṛta.

Substance, country-made paper, 13×6 inches. Folia, 4. Lines, 12 on a page. Extent in ślokas, 100. Character, Bengali of the 19th century. Appearance, fresh. Complete.

Beginning:—

শ্রীশ্রীবৈষ্ণবেভা। নমঃ।
হরিভক্তি পরাএব হরিনাম পরায়ণঃ etc., etc.
আনন্দে বলহ হরি ভজ বুন্দাবন।
ঠাকুর বৈষ্ণবের পায় মজাইয়া মন॥ etc., etc.

End:

শ্রীআচার্য্য প্রভুর পাদপদ্ম করি আস। বৈষ্ণবামৃত কহে শ্রী নরোত্তম দাস॥

Colophon :-

ইতি শ্রীবৈঞ্বামৃত সমাপ্ত॥

4989 B. Beginning:—

শ্রীশ্রীহরি। শ্রীশিবছর্গার উক্তি আগম লিক্ষতে। জয় গুরুদেব পতিতে বন্ধু। জয় ২ শ্রীকৃঞ্চৈতন্য প্রেমরসময়সিন্ধ্।
জয় নিত্যানন্দ করুণাসাগর॥
জয় ২ নরহরি বিপ্র গদাধর।
জয় ২ অবৈত আচার্য্যাদিভক্তগণ॥
জয় ২ জমুনা জয় আর ব্রজবাসি।
জয় ২ গোপীগণ কৃষ্ণপ্রিয় অভিলাসী॥
সিব পার্কতি রহস্তকথা যে আগম উক্তি হৈল।
পার্কতিরে সদাসিব জে কথা কহিল॥
একদিন সদাসিব কহেন পার্কতিরে।
রসাহাস্তে বিসলা দোহে কৈলাস শিখরে॥

পার্কিতি কহেন গোসাঞি করি নিবেদন।
এক কথা মোর মোনে পড়িল স্বরণ॥
শ্রীরাধাক্বফের তত্ত্ব কহত আমারে।
জদি দাসি বোলে থাকয়ে আমারে॥
এতে শুনিয়া তুই হইল পঞ্চানন।
কোহিবো তোমারে পিয়া সব বিবরণ॥
গোপ্তের অধিক গোপ্ত পরম রহস্তা।
তুমি হেন প্রিয়া মোর কহিব অবশ্য॥

295

4876. An Anthology of some Vaisnava Poets

Substance, country-made paper, $14\frac{1}{2} \times 4$ inches. Folia, 7. Lines, 9 on a page. Extent in ślokas, 189. Character, Bengali. Date, B. S. 1259 (c. 1852 A. D.). Appearance, fresh. Complete.

A collection of Vaiṣṇava love-songs. The names of the composers are as follows:—

Govindadāsa, Jnānadāsa, Vidyāpati, Gokuladāsa, Vṛndāvanadāsa. In one of the songs of Vidyāpati there is a reference to Rājā Sivasiṃha Rūpa Nārāyaṇa.

6 A. বলএ বিভাপতি শুন বর যুবতি

ইহ বস কোই না জানি।

রাজা শিবসিংহ রূপনারায়ণ

নছিয় দেহ পরিণাম॥

The date of the copying of the manuscript : ইতি সন ১২৫৯ সাল বিতারিখ ১৪ বৈশাখ রবিবার॥

296 Vṛndāvana Dāsa

4936. ভক্তিচিন্তামণি | Vakticintāmaņi.

Substance, country-made paper, 13×5 inches. Folia, 25. Lines, 9 on a page. Extent in ślokas, 600. Character, Bengali of the 19th century. Appearance, old and discoloured. Complete.

Beginning:-

শ্ৰীকৃষ্ণ।

আজানুলম্বিত ভূজো কনবাবদাতো। সঙ্গীৰ্ত্তনৈক পিতৱো কমলায়তাকো॥ etc., etc.

× × ×

শুন শুন সর্বলোক শুন সাবধানে।
গৌরচন্দ্র অবতার অপূর্ব্ব কথনে॥
শুনিলে তরিবে লোক সংসার সাগরে।
নবদ্বীপে গৌরচন্দ্র অবতার হইলা।
শ্বাবর জঙ্গম আদি সব নিস্তারিলা।
নিত্যানন্দ অবৈত করিয়া নিজ সঙ্গ।
পরিষদগণের সঙ্গে আনন্দ তরঙ্গ॥

2 A. নববিধি প্রথম অধ্যায়; 3 B. দ্বিতীয় অধ্যায়;

4~A. তৃতীয় অধ্যায় ; 5~A. চতুর্থ অধ্যায় ; 6~A. পঞ্চম অধ্যায় ; 12~A. নববিধি শ্রতীয় অধ্যায় ; 15~B. নববিধি দ্বিতীয় অধ্যায় ; 17~A. নববিধি তৃতীয় অধ্যায় ; 20~A. নববিধি চতুর্থ অধ্যায় ; 21~A. নববিধি পঞ্চম অধ্যায় ; 22~A. নববিধি যঠ অধ্যায় ; 23~A. নববিধি সপ্তম অধ্যায় ; 24~B. নববিধি অধ্যম অধ্যায় ;

End :-

শ্রীচৈতন্য গোঁসাইর মুখে স্থধারস্বাণী। শ্রীবৃন্দাবন দাস কহে ভক্তি চিন্তামণি॥ নববিধি শ্রীশ্রীভক্তিচিন্তামণি গ্রন্থ সম্পূর্ণ।

Post colophon statement :—
লিপিরিয়ং শ্রী নন্দলাল দাস বৈরাগী।
শ্রীশ্রীগুরুবে নম ইত্যাদি।

The MS. has been printed before.

297 Uttama Dāsa

3572. ্রীকৃষপ্রকাশরত্বম্। Śrīkṛṣṇaprakāśaratṇam.

Substance, foolscap paper, foolscap size. 88 pages written on both sides.

This is a Bengali translation by Uttamadāsa of Viṣṇupura, of a Sanskrit work entitled Siddhāntasāla by Rāghavadāsa.

Page 1. পৌর্ণমাসী আদি যত ব্রজবাসিগণে।
অসংখ্য প্রণাম করি স্বার চরণে॥
তদগুণ সংকীর্ত্তন প্রকাশরত্বনামে।
করিলা রাঘব এই সংশ্রত বিধানে॥

শ্রীকৃষ্ণচরণপদ্ম প্রকাশর ভবন। নিগ্ম আগম শাস্ত্র সিদ্ধমহাধন॥ ব্রহ্মাশিবাদির যেই মস্তক ভূষণ। ব্রজবাসী নিতা যার করয়ে সেবন॥ স্থার ভক্তগণে এই সংগ্রহ কারণ। করিলা রাঘব বহু করিয়া যতন। সেই গ্রন্থ শুনিলেন বৈষ্ণবেরগণ। সংস্থারময় গ্রন্থ না যায় বুঝন॥ তার ভাষা করিবারে আজ্ঞা দিলা মোরে। অতএব লিখি আমি রচিয়া পয়ারে॥ অৰ্থ অতিস্তৰ্গম বঝন যায়। যথামতি লিখি আমি বৈষ্ণব আজ্ঞায়॥ সিদ্ধান্তসাগর এই অগাধ অপার। অবগাহিতে নারি তার স্পর্শি রহি ধার॥ স্পর্শিবার যোগ্য নহো তথাপি স্পর্শিয়ে। বৈষ্ণবের আজ্ঞাবল এই সে সহায়॥ রাঘবের গ্রন্থ এই <mark>সিদ্ধান্তসার হয়।</mark> রসিব ভক্তের প্রাণ জানি<mark>হ নিশ্চয়॥</mark>

End:-

নিশাপতি রসখাতু আর দিজরাজে। এত শকে ভাষাহীণ বুঝহ সমাকে। প্রণাম করিয়া বহু শ্রীগুরুচরণে। বৈষ্ণব আজ্ঞায় ভাষা করিলা লিখনে। শ্রীকৃষ্ণ প্রকাশরত্ন সমাপ্ত।

298

Rādhāmohana Dāsa

5423. রস্তত্ত্ক^{ক্ষা} | Rasatattwakalpa.

Substance, country-made paper, $13 \times 4\frac{1}{2}$ inches. Folia, 17. Lines, 10 on a page. Extent in ślokas, 500. Character, Bengali of the early 19th century. Appearance, old and discoloured. Complete,

Beginning:

শ্রীশ্রীচৈতগুচন্দ্রায় নমঃ। নাম চিন্তামণিঃ কুঞ্চৈতগু রসবিগ্রহ। পুণ্য সোদ্ধো নিত্যো মুক্তো etc., etc.

 \times \times \times

যেই সব প্রভূ হন প্রাণের ঈশ্বর।
যেই নাম লইলে জুড়ায় কর্ণধর॥
আর যেক প্রভূ হয় বৈষ্ণব গোঁসাই।
বাঁহার প্রসাদে গাহ চৈতন্য নিতাই॥
বৈষ্ণব গোঁসাই হন রসের সমুজ।
মোর দৈববলেতে না মিলে একবিন্দু॥
সব শূন্য মোর দেহ রস নাহি জানি।
বৈষ্ণব গোঁসাই মোরে কহিলা আপনি॥
রসক্থা মোর মনে না হয় বিশ্বাস।
বৈষ্ণব গোঁসাই পান বড়ই প্রয়াস॥

End:

শ্রীগুরু বৈষ্ণবের পদ মনে করি আশ। রসতত্ত্বকল্প কহে রাধামোহন দাস॥

Colophon :-

ইতি রসতত্ত্বকল্প সম্পূর্ণ। Often printed.

299

Jagannātha Dāsa

4869. প্রেমদর্গণ। Premadarpana.

Substance, country-made paper 14×5 inches. Folia, 18. Lines, 12 on a page. Extent in ślokas, 600. Character, Bengali of the 19th century. Appearance, tolerable. Complete.

Beginning:—

শ্রীশ্রীরাধাকৃষ্ণ।

আজানুলম্বিতভুজৌ কনকাবদাতো
সঙ্কীর্ত্তনৈকপিতরো কমলায়তাকো
বিশ্বস্তরো দ্বিজ [বরৌ] যুগধর্ম্মপালো
বন্দে জগৎপ্রিয়করো করুণাবতারো॥
শ্রীচৈতন্য জয় ২।
কলিকালে দাতা হয় কমল নয়ান শোভে যাতে।

আজারুলম্বিতভুজ বিশ্বস্তর দ্বিজরাজ যুগধর্মসঙ্কীর্ত্রনসাথে॥

জগতের জীব দর্পে খেয়েছিল কালসর্পে করুণাসাগর মহাশয়।

রাধা ভাবে ভাবী হয়া নিজগণ সঙ্গে লঞা নবদ্বীপে করিল বিজয় ॥

× × ×

সেই বস্তু সিদ্ধ হবে সরোবরের মাঝে।

ডুবিব রসিকরাজ আপনার কাজে॥

অমূল্য রতন ধন চাহে মোর মন।

আপনা বুঝিঞা লহ খুজি সেই ধন॥

Colophon:

<u>ন্ত্রী</u> জগন্নাথ দাস বিরচিতং প্রেমদর্পণসার গ্রন্থ সম্পূর্ণ।

Post colophon statement :-

তারিখ ৩১শে অঘাণ মৌজে সোণামুখী লিখিতং শ্রী বংশীধর বাউল। নিজ পুস্তক হইল শ্রীশ্রীগুরুদেব চরণে শরণ। Often printed.

300

Ratnākara Miśra

5005. ভাবার্থদীপিকা। Bhābārthadīpikā.

Or a Bengali translation of the Śrīmad Bhāgavata; Skandha XI. Substance, country-made paper, 8×4 inches. Folia, 178. Lines, 15 on a page. Extent in ślokas, 4200. Character, Bengali. Date, B. S. 1050 (c. 1643 A. D.). Appearance, discoloured. Complete.

After the Mangalacarana in three couplets, more or less effaced, we have the object of the work.

সবাতে করিয়া একাদশকন্ধ গুড়। তার অর্থ ভালমতে বুঝোই মূঢ়॥ তার অর্থ স্থক্রিপদ করিবাক গম্য। তবু চরণরজেরে \times \times \times ॥

7 B. একাদশ কন্ধ করিয়া প্রবন্ধ রচিলোঁ পরাড় চয়।
শুন সর্বরজন থির করি মন
খণ্ডিব সংসার ভয়॥

Colophon :-

ইতি শ্রীশ্রী imes imes imes পদারবিন্দ imes imes বিবসিত বুজাকর মিশ্রঃ বিরচিত। একাদশ স্কন্ধঃ ভাবার্থদীপিকা imes imes পঞ্চ সম্পূর্ণম্। ইতি একতৃযোহধ্যায়।

Post colophon statement :—
ইতি সন ১০৫৫ ওঁ ৯ বৈশাগে লিখীত সমাপ্ত।

301 Bhāgavatācāryya

4928. রাসক্রীড়া। Rāsakrīḍā.

Substance, country-made paper, 11×5 ; inches. Folia, 23. Lines, 12 on a page. Extent in ślokas, 550. Character, Bengali. Date, B. S. 1189 (c. 1782 A. D.). Appearance, old and discoloured. Complete.

A Bengali translation of Rāsalīlā from the Bhāgavata Purāṇa.

Beginning:—

শ্রীশ্রীরাধাকৃষ্ণভ্যাং নমঃ etc. বাদরায়ণিরুবাচ। ভগবানপিতাঃ <u>রাজীঃ শারদোৎফুল্লমল্লিকাঃ।</u> বীক্ষ্য রন্তং মন**শ্চক্তে যোগমায়ামুপাশ্রিতঃ**॥ গোপীকার সঙ্গে কৃষ্ণ করিব রমণ। মনে হেন কৈল যদি প্রভু <u>নারায়ণ।।</u> শারদ যামিনী চারু চৌদিকে বিমল। রঙ্গম মল্লিকা মালি মাধুরী স্থুন্দর॥ তদোডুরাজঃ ককুভঃ করৈমু খং প্রাচ্যা বিলিম্পন্নরুণেন সন্তমেঃ। সচর্যলীনাং উদগাচ্ছুচোস্জন্ প্রিয়ঃ প্রিয়ায়া ইব দীর্ঘদর্শনঃ॥ বহুগুণ বহু সুখ হইল বৃন্দাবনে। অখণ্ড পূর্ণিমা শশী উদয় গগনে॥ চিরদিন যেন নারী পতি সম্ভাষণে। সর্ববশোকত্বঃখ হরে আনন্দিত মনে॥ কমলবদন তুল্য পূর্ণ শশধর। তা দেখিয়া আনন্দিত হইলা গদাধর। etc., etc.

End:-ধীর শিরোমণি বীর গদাধর জান। শ্রীভাগবতাচার্য্য মধুর রস গান॥

Colophon :-

ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্তাং সংহিতায়াং বৈয়া-সিক্যাং দশমস্কলে রাসক্রীড়ায়াং ত্রয়স্ত্রিংশোহধ্যায়ঃ।

Post colophon statement :— ইতি সন ১১৮৯ সাল তারিখ ১১ই শ্রাবণ। Often printed.

Gadādhara Dāsa

4867. রাসপ্রাধ্যায়। Rāsapańcādhyāya.

Substance, country-made paper, 15×5 inches. Folia, 7. Lines, 13 on a page. Extent in ślokas, 250. Character, Bengali. Date, B. S. 1246 (c. 1839 A. D.). Appearance, old and discoloured. Complete.

The author's name :-

4 A. ভাবিয়া গোপাল পদ কহে গদাধর। দশম চরিত্র ভাই শুনহ সহর॥

Colophon :--

ইতি রাসপঞ্চাধ্যায় সম্পূর্ণ।

Post colophon statement :-

লিখিতং শ্রী বংশীধর দাস বাউল সাকিম সোণামুখী সন ১২৪৬ সাল তারিখ ১০ই ভাজ সমাপ্ত।

303 Kavicandra

4918. কলস্কভঞ্জন বা রাধিকামঙ্গল

Kalankabhanjana or Rādhikāmangala.

Substance, country-made paper, 14×5 inches. Folia, 8. Lines, 13 on a page. Extent in ślokas, 200. Character, Bengali. Date, B. S. 1214 (c. 1807 A. D.). Appearance, discoloured. Complete.

Beginning:

শ্রীশ্রীকৃষণ। অথ কলক্ষভঞ্জন লিখ্যতে।
রাজা বলে কহ কহ ব্যাসের নন্দন॥
কৃষ্ণ কথা কহ স্থাথ করিব শ্রাবণ॥
শুকদেব বচনে রাজা পরীক্ষিৎ বলে।
কি কর্ম করিলা কৃষ্ণ জসদার কোলে॥

একদিন নন্দরাণী গোবিন্দ লইয়া।
লক্ষ লক্ষ চুম্ব খায় কোলে বসাইয়া॥
মরিরে যাদবরায় মোর বাক্য রাখ।
চাঁদমুখে চুম্ব খাই মা বলিয়া ডাক॥
এতবলি খাইতে দিল ক্ষীর সর ননী।
রাখরে মাএর বাক্য বাছা যাত্তমণি॥
এইরূপে রাখি রাণী গৃহকর্ম্মে গেলা।
আঙ্গিনায় বসিয়া কৃষ্ণ খেলিতা লাগিলা॥
এখানে যত গোপী সব একত্র হইয়া।
করেন পরম কীর্ত্তি বিরলে বসিয়া॥

End:—
রাধিকামঙ্গল দ্বিজ কবিচন্দ্রে গায়।
এতদূরে রাধিকামঙ্গল হইল সায়।

Post colophon statement:— ইতি সন ১২১৪ সাল তারিখ ১৩ই আষাঢ় রোজ শনিবার। Often printed.

304 Kavicandra

5358. রাস্লীলা। *Rāsalīlā*.

Substance, country-made paper, $12 \times 4\frac{1}{2}$ inches. Folia, 11. Lines, 10 on a

page. Extent in ślokas, 220. Character, Bengali. Date, B. S. 1228 (c. 1821 A. D.). Appearance, discoloured. Complete.

End :-

সেবিয়া ব্যাসের পদ কবিশ্চন্দ্রে গায়। রাশপঞ্চমের কথা সংক্ষেপ্তে সায়।

Post colophon statement :-

পুস্তকমিদং শ্রী রাধাকান্ত কর্ম্মকার সাকিম ময়নাপুর। সন ১২২৮ সাল তারিখ ১৩ অগ্রহায়ণ।

305 Narottama Dāsa

3721. ভজননিদ্দেশ | Bhajananirddeśa.

Substance, country-made paper, 12×4 inches. Folia, 13. Lines, 9 on a page. Extent in ślokas, 200. Character, Bengali. Date, B. S. 1229 (c. 1822 A. D.). Appearance, fresh. Complete.

Colophon :— ইতি ভজননিৰ্দ্দেশ সমাপ্তা।

Post colophon statement :—
তারিখ ১২ মাঘ জাদশী তিথ্যে শুক্রবারে সমাপ্তা। জথা দিষ্টং
তথা লিখিতম্ লেখকে দোষ নাস্তি।

বাত্তেরণে লিপি আমি বুঝিতে জে নারি। শুর্দ্ধ অশুর্দ্ধ ইহা করেন হরি॥

লিখিতং ত্রী হিরাচাঁদ দেবস্থ সাং জলসরা সন ১২২৯ after which there are some Sanskrit verses to the end of leaf 13 B. This is a work in Bengali verse on the method of Vaiṣṇava worship based on Sanskrit verses which run thus:—

আদৌ শ্রাদ্ধা ওত্তো সাধুসঙ্গোহম ভর্জনক্রমঃ। ওতোহনর্থনিবৃত্তিঃ স্থাৎ ওতো নিষ্ঠারুচিস্ততঃ॥ অথাসক্তিস্ততোভাবঃ ওতো প্রেমাভ্যুদঞ্চতি। সাধকানাময়ং প্রেম প্রাত্নভাবে ভবেং ক্রমঃ॥

The Bengali begins:—

প্রীগুরুচরণে আগে করিয়ে বন্দন। এই নান্দীশ্লোক কিছু করি ব্যাখ্যান। এই শ্লোকার্থবস্ত বুঝে যেই জন। ভজনের অন্তক্রম ইহাতে লিখন। প্রবর্ত্ত সাধকসিদ্ধ তিনের বিচার। এই তিনে নয় মত ব্যাখ্যান তাহার॥ প্রথম লক্ষণ তার শুন বিবরণ। ক্রমে ক্রমে একে একে কর্ছ শ্রবণ।। নামাশ্রয়ে প্রথমেতে শ্রদ্ধান্বিত হয়। নামের প্রভাবে ভক্তি করএ উদয়॥ ভক্তিযুক্ত কৃষ্ণমন্ত্র লয় সেই নরে। তারপর সাধুসঙ্গ আজ্ঞা অনুসারে॥ সাধসঙ্গ ভজনের ক্রয়া মন হয়। ভজনেতে অনৰ্থ নিবৃত্তি সেই পায়। অনর্থ নিবৃত্তি হইলে নিষ্ঠা যবে দেখি। রুচি হইলে আসক্তি তার জন্মে কুষ্ণপ্রতি॥ আসক্তি হইলে হয় ভাবময় মতি। ভাবে চিত্তবিত্তি হয়া প্রেম উপজয়। প্রেমে কৃষ্ণ প্রাপ্তি ইথে নাহি সংশয়॥ পরম পুরুষার্থ ইহা প্রেম মহাধন। প্রেমে কৃষ্ণপ্রাপ্তি বস্তু করহ সাধন॥

> 306 Unknown

4989 B. বৈষ্ণব আগম। Vaiṣṇava Āgama.

Three fragments of a Vaisnava Agama, being on

interlocution between Siva and Durgā on the Tattva of Rādhākṛṣṇa.

I

The first two leaves of the Agama, 13×6 inches. Lines, 26 in all. Character, Bengali of the 19th century. Appearance, fresh.

Beginning:

শ্রীশ্রীহরি। শ্রীশিবছর্গার আগম লিক্ষতে। জয় জয় গুরুদেব পতিতের বন্ধু। জয় জয় শ্রীকৃষ্ণচৈতন্ত প্রেমরসময় সিন্ধু॥

× × ×

